দৈনিক ইনকিলাব

তারিখ ... 02 AUG 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৭

## ৪টি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু

# প্রথম দিনেই অসদুপায় অবলম্বনের দায়ে ১৩৮৩ জন পরীক্ষার্থী বহিষ্কৃত

॥ স্টাফ রিপোর্টার ॥

দেশের চারটি শিক্ষা বোর্ডের অধীনে ১৯৯৪ সালের এইচএসসি পরীক্ষা গতকাল শুরু হয়েছে। সর্বমোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল ৪ লাখ ৮ হাজার ৪৫ জন। পরীক্ষার প্রথম দিনেই সারা দেশ থেকে ১ হাজার ৩শ' ৮৩ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছে। সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী ঢাকা বোর্ডে ২শ' ৪০ জন, কুমিল্লা বোর্ডে ৪শ' ৬৯ জন, যশোর বোর্ডে ৪২ জন ও রাজশাহী বোর্ডে ৬শ' ৩২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। গতকাল ছিল বাংলা প্রথম পত্রের পরীক্ষা। প্রথম পরীক্ষায় ঢাকায় ৪ হাজার ৭শ' ৫৫ জন এবং রাজশাহীতে ১ হাজার ৭শ' ৬৫ জনসহ বিভিন্ন বোর্ডে বহুসংখ্যক পরীক্ষার্থী নানা কারণে অনুপস্থিত ছিল।

কলেজ কর্তৃপক্ষের খামখেয়ালীর কারণে মনোহরদী বড়চাপা কলেজের ১শ' ৩৭ জন পরীক্ষার্থী পরীক্ষা দিতে পারেনি।

কুমিল্লায় ভুয়া প্রশ্নপত্র বিক্রির অভিযোগে পুলিশ ২ জন প্রতারককে গ্রেফতার করেছে।

সরকারী এক তথ্য বিবরণীতে কুমিল্লা বোর্ডের পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের খবরকে ভিত্তিহীন বলে উল্লেখ করা হয়েছে।

দেশে প্রথমবারের মতো কম্পিউটার পদ্ধতির এইচএসসি পরীক্ষার খাতার কভাবে বিভিন্ন বোর্ডেয় বহুসংখ্যক পরীক্ষার্থী ভুল করেছে। শুধু ঢাকা বোর্ডেই ১ হাজার ৯শ' ৬৬ জন পরীক্ষার্থী কভারে ভুল করেছে বলে জানা গেছে।

### ঢাকা বোর্ড

ঢাকা শিক্ষা বোর্ডের কন্ট্রোল রুম থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে, মোট ১ লাখ ৪০ হাজার ৪শ' ৯৭ জন পরীক্ষার্থীর মধ্যে গতকাল বাংলা প্রথমপত্র পরীক্ষায় ৪ হাজার ৭শ' ৫৫ জন অনুপস্থিত ছিল। অসদুপায় অবলম্বনের দায়ে এই বোর্ডে ২শ' ৪০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ঢাকা বোর্ডে কভারে

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

## এইচএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

ভুল করেছে ১ হাজার ৯শ' ৬৬ জন।

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার গতকাল ঢাকা কলেজে এইচএসসি পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি পরীক্ষার্থীদের সাথে কথা বলেন এবং তাদের পরীক্ষা সংক্রান্ত বিষয়ে খোঁজ-খবর নেন। এই সময় অন্যান্যের মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর লতিফুর রহমান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক প্রফেসর ইউনুস মিয়া এবং ঢাকা জেলা প্রশাসক আবু সোলায়মান চৌধুরী উপস্থিত ছিলেন।

গতকাল উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনেই সরকারী তিতুমীর কলেজ কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণকারী তেজগাঁও কলেজের বিজ্ঞানের পরীক্ষার্থীদের অমানবিক হয়রানির শিকার হতে হয়েছে। বোর্ড কর্তৃক প্রকাশিত কেন্দ্র তালিকা ও আসন বন্টন ব্যবস্থার নির্দেশ অনুযায়ী তেজগাঁও কলেজের পরীক্ষার্থীরা নিশ্চিত হয় যে, তাদের পরীক্ষা কেন্দ্র সরকারী তিতুমীর কলেজে। কিন্তু তিতুমীর কলেজ পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হয়ে তারা লক্ষ্য করে, একটি হাতে লেখা বিজ্ঞপ্তি ও আসন ব্যবস্থায় মোট ১৯৭৫ জন পরীক্ষার্থীর মধ্যে কিছু অংশের পরীক্ষা তিতুমীর কলেজ কেন্দ্রে এবং কিছু অংশের পরীক্ষা টিএণ্ডটি মহিলা কলেজ কেন্দ্রে। এতে পরীক্ষার্থীগণ সম্পূর্ণরূপে বিচলিত ও কিংকর্তব্য বিমূঢ় হয়ে অনেক পরীক্ষার্থী পাগলের মতো মতিঝিল টিএণ্ডটি কলেজের দিকে ধাবিত হয়। এবং সেখানে নিদারুণ দুঃখজনক অবস্থার সম্মুখীন হয়। সেখান থেকে পুনরায় ব্যস্ত ত্রস্ততার সঙ্গে দৌড়ে মহাখালী টিএণ্ডটি মহিলা কলেজের সন্ধান পায়। এতে তারা মানসিকভাবে চরম বিপর্যস্ত হয় এবং পরীক্ষায় অংশগ্রহণের যে মানসিক প্রস্তুতি তা সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়।

নরসিংদী জেলার মোট ১৩টি কেন্দ্রের মধ্যে ৪টি কেন্দ্রে বহিষ্কারের ঘটনা ঘটেছে। ৪টি কেন্দ্রে ১৩ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে নরসিংদী সরকারী কলেজের ৯ জন, নরসিংদী মহিলা কলেজের ১ জন, শিবপুর শহীদ আসাদ কলেজের ২ জন এবং পোড়াদিয়া কলেজের ১ জন রয়েছে।

মনোহরদী বড়চাপা ইউনিয়ন আদর্শ কলেজের ১শ' ৩৭ জন পরীক্ষার্থী গতকাল এইচএসসি পরীক্ষা দিতে পারেনি। নতুন এই কলেজটিতে পরীক্ষা কেন্দ্র হবে বলে ইতোপূর্বে কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীদের আশ্বাস দিয়েছিলেন। শেষ পর্যন্ত এখানে কোন কেন্দ্র হয়নি এবং পরীক্ষার্থীদের হাতে প্রবেশপত্রও পৌছেনি। গতকাল কলেজের প্রিন্সিপ্যাল এবং কর্তৃপক্ষের কারো কোন হদিস মেলেনি।

ময়মনসিংহ থেকে নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল এইচএসসি পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে জেলার ১৪টি কেন্দ্রে ৫৫ জনকে বহিষ্কার করা হয়।

টাংগাইল সংবাদদাতা জানিয়েছেন, গতকাল এইচএসসি বাংলা প্রথমপত্র পরীক্ষার সময় নকল করার অভিযোগে জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ২৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

### কুমিল্লা বোর্ড

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি বাংলা প্রথম পত্রের পরীক্ষা শান্তিপূর্ণভাব অনুষ্ঠিত হয়। ৭টি জেলায় ৪৬৪ জন পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হয়। তন্মধ্যে কুমিল্লায় ৮৩, চট্টগ্রামে ৪৬, খাগড়াছড়িতে ১, লক্ষ্মীপুরে ৫, ফেনীতে ২০, মৌলভীবাজারে ২, হবিগঞ্জে ৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

এদিকে গত রোববার সন্ধ্যায় সিআইডি পুলিশ কুমিল্লা শহরের পুলিশ লাইন এলাকা থেকে ভুয়া প্রশ্নপত্র বিক্রির করায় ২ যুবককে গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হচ্ছে শামনুর মোর্শেদ ও মতিউর রহমান বিপ্লব।

গতকাল এক তথ্য বিবরণীতে কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের খবরকে ভিত্তিহীন বলে উল্লেখ করা হয়েছে। বিভিন্ন স্থানে কুমিল্লা বোর্ডের ১৯৯৪ সালের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র বিক্রি হচ্ছে বলে গতকাল কয়েকটি পত্রিকায় খবর বের হয়েছিল। তথ্য বিবরণীতে অত্যন্ত দৃঢ়তার সাথে বলা হয়, কোথাও এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়নি।

সিলেট অফিসঃ গতকাল এইচএসসি পরীক্ষার প্রথম দিন শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়। সিলেট শহরের মদন মোহন কলেজ কেন্দ্র থেকে ৪ জন এবং বালাগঞ্জ থেকে ১ জন পরীক্ষার্থী অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার হয়েছে।

### যশোর বোর্ড

যশোর অফিস জানায়, যশোর বোর্ডের আওতাধীন এইচএসসি পরীক্ষায় গতকাল বাংলা প্রথমপত্রে অসদুপায় অবলম্বন করার জন্য মোট ৪২ জন বহিষ্কৃত হয়েছে। এর মধ্যে পটুয়াখালী ৯, বরিশাল ২, বরগুনা ১, কুষ্টিয়া ২, খুলনা ১০, যশোর ৭, ঝিনাইদহ ১, মাগুরা ৩ ও মেহেরপুরে ৭।

### রাজশাহী বোর্ড

রাজশাহী অফিস জানায়, গতকাল (সোমবার) রাজশাহী বোর্ডের এইচএসসি পরীক্ষার প্রথম দিনে রাজশাহী বিভাগের ১৫টি জেলায় মোট ৬৩২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া প্রথম দিন ১৭৬৫ জন ছাত্র-ছাত্রী অনুপস্থিত ছিল এবং কভারে ভুল করেছে ৪৩০ জন।

জেলাওয়ারী বহিষ্কৃত হয়েছে গাইবান্ধা ১৮২, দিনাজপুর ১৪৫, ঠাকুরগাঁও ৬৩, সিরাজগঞ্জ ৫১, বগুড়া ৩১, নীলফামারী ২৪, রাজশাহী ৭, নবাবগঞ্জ ৩২, নওগাঁ ১১, পাবনা ৭, জয়পুরহাট ৫, রংপুর ৩৮, লালমনিরহাট ৮, কুড়িগ্রাম ৭ এবং পঞ্চগড়ে ২১ জন।

গতকাল রাজশাহী সরকারী কলেজে গণটোকাটুকির অভিযোগ পেয়ে সাংবাদিকরা সেখানে যেতে চাইলে কলেজ কর্তৃপক্ষ তাদের প্রবেশে বাধা দেয়। সিটি প্রেস ক্লাব এ ঘটনার নিন্দা জানিয়েছে।